# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ৩৩. ঘুষ নিয়ে কারোর পক্ষে বা বিপক্ষে বিচার করা

ঘুষ নিয়ে কারোর পক্ষে বা বিপক্ষে বিচার করাও একটি মহাপাপ এবং হারাম কাজ। তাই তো আল্লাহ্’র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুষ খেয়ে অন্যায়ভাবে বিচারকারীকে লা’নত করেন।

আবূ হুরাইরাহ্ ও ‘আব্দুল্লাহ্ বিন্ ‘আমর বিন্ ‘আস্ব (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন:

لَعَنَ رَسُوْلُ اللهِ الرَّاشِيْ وَالْـمُرْتَشِيْ فِيْ الْـحُكْمِ.

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লানত করেন বিচারের ব্যাপারে ঘুষদাতা ও ঘুষগ্রহীতা উভয়কেই”। (তিরমিযী ১৩৩৬, ১৩৩৭; আবূ দাউদ ৩৫৮০; ইব্নু মাজাহ্ ২৩৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6707

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন